

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৬.০২০.০০১.২০১৬-১৭- ২০০

তারিখ: ১৬ চৈত্র ১৪২৩
৩০ মার্চ ২০১৭

প্রেরক : মোঃ নজরুল ইসলাম
উপসচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সিএজি ভবন, কক্ষ নম্বর- ৪১৭
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে মিত্র বাহিনীর সদস্য হিসেবে ভারতীয় সশস্ত্র বাহিনীর শহীদ ০৭ (সাত) জন সদস্যকে 'মুক্তিযুদ্ধ সম্মাননা' প্রদানের নিমিত্ত ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুকূলে ন্যস্তকরণের আর্থিক মঞ্জুরী জ্ঞাপন।

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে শহীদ ভারতীয় সশস্ত্র বাহিনীর সদস্যদের আত্মত্যাগের স্বীকৃতি স্বরূপ তাদের পরিবারকে 'মুক্তিযুদ্ধ সম্মাননা' পদক প্রদান অনুষ্ঠানের জন্য অর্থ বিভাগের ০৭-১২-২০১৬ তারিখের স্মারক নং- ০৭.১০৮.২০২.৬৩.০১.০১৬.২০১১-৮৬ মূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট খাতে (কোড-৪৮৪৭) অনুমোদিত বিভাজনের আনুষংগিক ব্যয় খাতে বরাদ্দকৃত ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হতে নিম্নোক্ত শর্তানুসারে আনুষংগিক ব্যয় নির্বাহের জন্য ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুকূলে ন্যস্তকরণের আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

০২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা ঢাকাকে বর্ণিত ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা অধিরিটির মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনুকূলে (৩-১৮১৫-০০০১-৪৮৪৪) প্রটোকল খাতে ন্যস্ত করার জন্য অনুরোধ করা হল। পররাষ্ট্র মন্ত্রণালয়ের আয়ন ব্যয়ন কর্মকর্তা উক্ত টাকা প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা ঢাকা হতে উত্তোলন করবেন।

০৩। এ ব্যয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেটের প্রশাসনিক কোড নম্বর-৩-৬৩০১-০০০১ এর অর্থনৈতিক কোড নম্বর- ৪৮০০ সরবরাহ ও সেবা এর উপখাত ৪৮৪৭ পুরস্কার খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ হবে।


০৪। শর্তাবলী :

(ক) অর্থ ব্যয়ে সকল আর্থিক বিধিবিধান মেনে চলতে হবে। এ ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(খ) ভবিষ্যতে এ বিষয়ে অতিরিক্ত অর্থ ব্যয় করা/অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;

(গ) উত্তোলিত অর্থ আগামী ৩০ জুন ২০১৭ মধ্যে সমন্বয় করতে হবে এবং অব্যয়িত অর্থ (যদি থাকে) চালানোর মাধ্যমে জমা দিয়ে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

০৫। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৮-০৩-২০১৭ তারিখের ০৭.১০৮.০২০.৬৩.০১.০১৬.২০১১-১৪৩ সংখ্যক স্মারক মূলে সম্মতি রয়েছে।


(মোঃ নজরুল ইসলাম)
উপসচিব
টেলিফোন- ৯৫৫০১৩৩

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য